মেহেরপুরের ভৈরব নদীতে ভ্রাম্যমাণ অভিযান, ৫০ টার বেশি চাইনা জালে আগুন

জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২ উদযাপন উপলক্ষে আজকে চতুর্থ দিন নির্ধারিত কর্মসূচি আওতায় ভৈরব নদীতে জেলা মৎস্য অফিসের অভিযানে ৫০ টার বেশি চাইনা দুয়ারী জাল আটক করে আগুনে পুড়িয়ে বিনষ্ট করা হয়েছে।

আজ মঙ্গলবার সকালে মেহেরপুর পন্ডের ঘাটে এই অভিযান পরিচালনা করা হয়।

জেলা মৎস্য অফিসার রোকনুজ্জামানের নেতৃত্বে এ অভিযান চালানো হয়। এসময় তিনি বলেন, আমাদের কাছে গোপন সংবাদ আসে ভৈরব নদীতে অবৈধভাবে নিষিদ্ধ চায়না দুয়ারী জাল পেতে মাছ শিকার করছে কিছু অসাধু ব্যাক্তি। তারই পরিপেক্ষিতে আজ সকালে মেহেরপুর পন্ডের ঘাটে অভিযান চালিয়ে নদীর দুই পাড়ে পঞ্চাশের অধিক চায়না দুয়ারী জাল নদী থেকে তুলে আগুন দিয়ে বিনষ্ট করা হয়ছে। যার মূল্য প্রায় দুই লক্ষ টাকা।

সহকারী মৎস্য কর্মকর্তা জাকির হোসেন, মৎস্য খামার কর্মকর্তা বদিউল আলম জুয়েল জোয়ারদার, শেখ নিজাম উদ্দিন প্রমুখ এসময় উপস্থিত ছিলেন।